গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ

স্মারক নং : ৪১.০১.৭০৮৮.০০০.১৬.০০১.২০.৮১৪ তারিখঃ ২২/১০/২০২৫খ্রি.

সূত্রঃ জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর দপ্তরের স্মারক নং-০৫.৪৩.৭০০০.০২৬.০৬.০৬৪.২৫.৮২০, তারিখঃ ১৫/১০/২০২৫ খ্রি.

এতদ্বারা বিনোদপুর আলিম মাদ্রাসা, EIIN:124701 ডাকঘরঃ বিনোদপুর, উপজেলাঃ শিবগঞ্জ, জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ এর ইবতেদায়ী ১ম শ্রেণি হতে ইবতেদায়ী ৪র্থ শ্রেণি, দাখিল ৬ষ্ঠ শ্রেণি হতে দাখিল ৯ম শ্রেণি এবং আলিম ১ম বর্ষ শ্রেণির সকল শিক্ষার্থীর অভিভাবক/অভিভাবিকা এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল শিক্ষক/শিক্ষিকা গণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র মাদ্রাসার এডহক কমিটির মেয়াদ আগামী ৩১/১২/২০২৫ খ্রি. তারিখ শেষ হবে। বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) পরিচালনা কমিটি প্রবিধানমালা-২০২৫ এর আলোকে মাদ্রাসা পরিচালনা কমিটির গঠন বিধি মোতাবেক পরবর্তী নিয়মিত গভর্নিং বডি গঠনের লক্ষ্যে সকল প্রকার নির্বাচনী কার্যক্রম সম্পন্ন করার জন্য (ক) ইবতেদায়ী ১ম- ৪র্থ শ্রেণির অভিভাবক সদস্য (সাধারণ) পদে ০১ (এক) জন, (খ) দাখিল ৬ষ্ঠ শ্রেণি হতে দাখিল ৯ম শ্রেণির অভিভাবক সদস্য (সাধারণ) পদে ০২ (দুই) জন, (গ) আলিম ১ম বর্ষের অভিভাবক সদস্য (সাধারণ) পদে ০২ (দুই) জন, (ঘ) মাদ্রাসার পঞ্চম, দশম ও দ্বাদশ শ্রেণি ব্যতীত অন্য শ্রেণিসমূহের শিক্ষার্থীদের মহিলা অভিভাবকগণের মধ্য হইতে সকল স্তরের সকল শিক্ষার্থীর অভিভাবকগণের ভোটে নির্বাচিত সংরক্ষিত মহিলা অভিভাবক প্রতিনিধি ১ জন (ঙ) শিক্ষক প্রতিনিধি (সাধারণ) পদে ০৩ (তিন) জন (প্রতি স্তরে ০১ জন করে), (চ) শিক্ষক প্রতিনিধি (সংরক্ষিত মহিলা) পদে ০১ (এক) জন, (ছ) দাতা শ্রেণির সদস্য পদে ০১ (এক) জন প্রার্থী নির্বাচনের নিমিত্তে নিম্নোক্ত তফশীল মোতাবেক মনোনয়ন পত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, প্রতিষ্ঠাতা শ্রেণির কোন বৈধ ভোটার না থাকায় উক্ত পদটির জন্য প্রার্থী নির্বাচনী তফশীল ঘোষণা করা সম্ভব নয়।

**নির্বাচনী তফশীল :**

| | | | |
|---|---|---|---|
| ০১ | মনোনয়ন পত্র গ্রহণ ও জমাদান | : | ০২/১১/২০২৫ খ্রি. তারিখ হতে ০৪/১১/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত (সকাল ১০.০০ টা থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত প্রতিদিন) |
| ০২ | মনোনয়ন পত্র বাছাই | : | ০৬/১১/২০২৫ খ্রি. (সকাল ১০.০০ টা) |
| ০৩ | মনোনয়ন পত্র প্রত্যাহার | : | ০৯/১১/২০২৫ খ্রি. (সকাল ১০.০০ টা থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত প্রতিদিন |
| ০৪ | নির্বাচন | : | ২০/১১/২০২৫ খ্রি. তারিখ বৃহস্পতিবার (সকাল ১০.০০ টা থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত বিরতিহীন ভাবে) |

* সকল পদের মনোনয়ন পত্র অধ্যক্ষ, বিনোদপুর আলিম মাদ্রাসা এর অফিস কক্ষ থেকে নির্ধারিত তারিখ ও সময়ে সংগ্রহ ও জমাদান করা যাবে।
* তফশীলের দিনক্ষণ পরিবর্তন/পরিবর্ধন, তফশীল স্থগিত কিংবা তফশীল সম্পুর্ন্ন বাতিলের এখতিয়ার প্রিজাইডিং অফিসার সংরক্ষণ করেন।

২২/১০/২৫

(নুরুল ইসলাম)
প্রিজাইডিং অফিসার
বিনোদপুর আলিম মাদ্রাসা
গভর্নিং বডি নির্বাচন /২০২৫
ও
উপজেলা সমাজসেবা অফিসার
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
ফোন নং- ০৭৮২৫৭৫০০৯

স্মারক নং : ৪১.০১.৭০৮৮.০০০.১৬.০০১.২০.৮১৪
তারিখঃ ২২/১০/২০২৫খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতা অনুসারে নয়):

০১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
০৩। সভাপতি, বিনোদপুর আলিম মাদ্রাসা এডহক কমিটি, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ। (অবগতির জন্য)
০৪। অধ্যক্ষ, বিনোদপুর আলিম মাদ্রাসা, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ। (উপরোক্ত নির্বাচনী তফশীলটি তার মাদ্রাসার সকল শ্রেণিতে নোটিশ প্রদান পূর্বক জানানো এবং নোটিশ বোর্ডে ঝুলাইয়া দেওয়ার অনুরোধ সহ)
০৫। অত্র দপ্তরের নোটিশ বোর্ড।
০৬। অফিস কপি।

২২/১০/২৫

(নুরুল ইসলাম)
প্রিজাইডিং অফিসার
বিনোদপুর আলিম মাদ্রাসা
গভর্নিং বডি নির্বাচন /২০২৫
ও
উপজেলা সমাজসেবা অফিসার
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
ফোন নং- ০৭৮২৫৭৫০০৯